

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে কুবায় সালাত আদায় করলে মহান আল্লাহ অনুগ্রহ করে তাকে একটি উমরার সাওয়াব দান করেন ذِكْرُ تَفَضَّلُ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمُصَلِّي فِي مَسْجِدِ قُبَاءَ بِكَتْبِهِ أَجْرَ عَمْرَةٍ لَهُ بصلاته تلك

## আরবী

1625 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّتَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ حَدَّتَنَا شَبَابَةُ حَدَّتَنَا عَاصِمُ بْنُ سُوَيْدٍ حَدَّتَنِي دَاوُدُ بْنُ إِسْمَاعِيلَ الْأَنْصَارِيُّ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّهُ شَهِدَ جَنَازَةً بِالْأَوْسَاطِ فِي دَارِ سَعْدِ بْنِ عُبَادَةَ فَأَقْبَلَ مَاشِيًا إِلَى بَنِي عَمْرِو بْنِ عَوْف بِفِنَاءِ بَنِي جَنَازَةً بِالْأَوْسَاطِ فِي دَارِ سَعْدِ بْنِ عُبَادَةَ فَأَقْبَلَ مَاشِيًا إِلَى بَنِي عَمْرِو بْنِ عَوْف بِفِنَاءِ بَنِي الْحَارِثِ بْنِ الْخَزْرَجِ فَقِيلَ لَهُ: أَيْنَ تَوَّمُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ؟ قَالَ: أَوْمُ هَذَا الْمَسْجِدِ فِي الْحَارِثِ بْنِ الْخَزْرَجِ فَقِيلَ لَهُ: أَيْنَ تَوَلِّمُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ؟ قَالَ: أَوْمُ هَذَا الْمَسْجِدِ فِي الْحَارِثِ بْنِ عَوْفٍ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (من صلى فيه كان كعدل عُمْرَةٍ)

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1625 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((التعليق الرغيب)) (2/ 139).

## বাংলা

১৬২৫. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি আওসাত নামক জায়গায় সা'দ বিন উবাদার বাড়িতে জানাযার সালাত আদায় করেন, তারপর তিনি বানী হারিস বিন খাযরাজ গোত্রের শেষ প্রান্তে বানী আওফ গোত্রের দিকে হেঁটে রওয়ানা দেন। তাঁকে বলা হলো, "হে আবূ আব্দুর রহমান রাদিয়াল্লাহু আনহু, আপনি কোথায় ইমামতি করবেন?" জবাবে তিনি বলেন, "আমি বানী আওফ গোত্রের এই মাসজিদে ইমামতি করবো। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি এতে সালাত আদায় করবে, সেটি একটি উমরার সমতুল্য হবে।"[1]

## ফুটনোট



[1] ইবনু আবী হাতিম: ৩/৪০৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৭৩; তিরমিযী: ৩২৪; ইবনু মাজাহ: ১৪১১; সুনান বাইহাকী: ৫/২৪৮; হাকিম: ১/৪৮৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৫৯; নাসাঈ: ২/৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমার্থক হাদীস থাকার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/১৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন